# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 09.04.2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 AM** **Compiling : NBR**

**DEO: KB** **NR : NBR**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ বিজ্ঞপ্তি জারির মধ্য দিয়ে ওয়াকফ (সংশোধনী) আইন, ২০২৫ কার্যকর হয়েছে।

# প্রধানমন্ত্রী বলেছেন, সংসদে ওয়াকফ (সংশোধনী) বিল-২০২৫ পাশ, সামাজিক ন্যায়বিচারের লক্ষ্যে গৃহীত এক উল্লেখযোগ্য পদক্ষেপ।

২/ এদিকে, এই বিল সংসদে পাশ হওয়ার পর থেকেই শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর।

৩/ রাজ্য সরকারের সমস্ত দফতরের মামলা সংক্রান্ত আইনি বিষয়ের উপর কেন্দ্রীয়ভাবে নজরদারির জন্য নতুন মন্ত্রী গোষ্ঠী তৈরি করা হয়েছে।

৪/ ডায়মণ্ড হারবার কেন্দ্রের লোকসভা নির্বাচনের ফলাফলকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের হওয়া ইলেকশন পিটিশন শুনানির জন্য গ্রহণ করেছে কলকাতা হাইকোর্ট।

৫/ সুপ্রিম কোর্টের রায়ে যেসব শিক্ষকের চাকরি বাতিল হয়েছে, তাঁরা চাইলে পরীক্ষার খাতা দেখতে পারবেন বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ সিদ্ধান্ত নিয়েছে।

*************************************************************************

ওয়াকফ (সংশোধনী) আইন, ২০২৫ কার্যকর হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সম্মতি পাওয়ার পর সরকার গতকাল এই মর্মে একটি বিজ্ঞপ্তি জারি করে। গত সপ্তাহে সংসদের উভয় কক্ষেই বিলটি পাস হয়। নতুন আইনটির লক্ষ্য ওয়াকফ সম্পত্তিগুলির ব্যবস্থাপনাকে নির্দিষ্ট রূপরেখা দেওয়া, ঐতিহ্যবাহী স্থানগুলি রক্ষা এবং সামাজিক কল্যাণের বিষয়টি সুনিশ্চিত করা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, সংসদে ওয়াকফ সংশোধনী বিল ২০২৫ পাশ, সামাজিক ন্যায়বিচারের লক্ষ্যে গৃহীত এক উল্লেখযোগ্য পদক্ষেপ।

(বাইট- মোদী/ ওয়াকফ )

ওয়াকফ সংশোধনী আইন সম্পর্কে প্রবীণ সাংবাদিক মোহাম্মদ আমানুল্লা আকাশবাণীকে জানিয়েছেন, ওয়াকফ সম্পত্তি রক্ষায় এই আইনের একান্ত প্রয়োজন ছিল।

(বাইট- আমানুল্লা )

**********************************

এদিকে, এই বিল সংসদে পাশ হওয়ার পর থেকেই বিভিন্ন এলাকায় প্রতিবাদ বিক্ষোভ দেখা দিয়েছে।

মুর্শিদাবাদের জঙ্গীপুরে ওয়াকফ বিল-এর প্রতিবাদে গতকাল রঘুনাথগঞ্জ-ওমরপুর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়। ঘটনাস্থলে পুলিশ গেলে পরিস্থিতি রণক্ষেত্রের আকার নেয়। গত সোমবার'ও সুতিতে রেলপথ অবরোধ করে বিক্ষোভ দেখায় আন্দোলনকারীরা। কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, ওয়াকফ বিল পাশ হওয়ার পর বিভিন্ন জায়গা থেকে যে হিংসার খবর আসছে, তার তীব্র নিন্দা করেছেন। রাজভবনের পক্ষ থেকে জানানো হয়েছে, ভারতের সংসদ অর্থাৎ দেশের জনগণ বিলটি পাশ করেছে। স্বার্থান্বেষী গোষ্ঠীর অশান্তি ছড়ানোর পরিকল্পনা, বরদাস্ত করা হবে না। অবিলম্বে দৃঢ় পদক্ষেপ নিয়ে হিংসা

থামানো ও এব্যাপারে বিস্তারিত রিপোর্ট জমা দেওয়ার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দেওয়া হয়েছে।

অন্যদিকে গতকালের পরিস্থিতি নিয়ে **মুখ্যমন্ত্রী** মমতা ব্যানার্জি, জঙ্গীপুরের বিধায়ক জাকির হোসেনের সঙ্গে কথা বলেছেন। পরিস্থিতি স্বাভাবিক রাখতে যাবতীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন।

পশ্চিমবঙ্গ **পুলিশ** যদিও জানিয়েছে, পরিস্থিতি আপাতত নিয়ন্ত্রণে। তবে **১১'**ই এপ্রিল পর্যন্ত জঙ্গীপুর মহকুমায় ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয়েছে। সুতি ও রঘুনাথগঞ্জ এলাকায় ৪৮ ঘন্টার জন্য জারি হয়েছে **১৬৩** ধারা।

********************************

এই ঘটনার পরই শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর।

তৃণমূল কংগ্রেস নেতা, রাজ্যের মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী বলেছেন, হিংসা দিয়ে কোনো আন্দোলন সংগঠিত হয়না ।

( বাইট- সিদ্দিকুল্লা / জঙ্গীপুর )

অন্যদিকে, বিজেপির রাজ্য সভাপতি, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেন, ২৬ হাজার চাকরী বাতিলের দিক থেকে নজর ঘোরাতেই এধরণের হিংসাত্মক কাজ ঘটানো হচ্ছে।

( বাইট- সুকান্ত / জঙ্গীপুর )

প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি অধীর রঞ্জন চৌধুরীও, হিংসার পথ ছেড়ে শান্তিপূর্ণ আন্দোলনের পক্ষে সওয়াল করেন।

( বাইট- অধীর/ জঙ্গীপুর )

CPIM নেতা সুজন চক্রবর্তীর অভিযোগ করেছেন, এরাজ্যে পুলিশ রাজ চলতে থাকলে, কোনো পক্ষই সুরক্ষিত থাকবে না।

( বাইট- সুজন/ জঙ্গীপুর )

**********************************

স্পটলাইট অনুষ্ঠানে এবার শুনবেন ‘ওয়াকফ (সংশোধনী) বিল’ নিয়ে বিশেষ আলোচনা। অতিথি হিসেবে থাকছেন প্রবীণ সাংবাদিক মোহাম্মদ আমানুল্লা এবং আইনজীবী দেবজিত সরকার। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামীকাল সঞ্চয়িতায় রাত সাড়ে আটটায়। একইসঙ্গে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও এ’টি শোনা যাবে।

**********************************

কলকাতা হাইকোর্ট, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে মালদার মোথাবাড়ির হিংসা কবলিত এলাকা পরিদর্শনে যাওয়ার অনুমতি দিয়েছে। আগামী শুক্রবার, ১১ই এপ্রিল সকাল ১০ টা থেকে দুপুর ৩ টের মধ্যে তিনটি গাড়ির কনভয়ে নিরাপত্তা রক্ষী নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও বিজেপি বিধায়ক অশোক দিন্দা এলাকা পরিদর্শন করতে পারবেন। এজন্য জেলা পুলিশ সুপারকে পুরো পরিস্থিতির উপর নজরদারির পাশাপাশি পর্যাপ্ত নিরাপত্তার বন্দোবস্ত করতে নির্দেশ দিয়েছেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।

উল্লেখ্য, ঐ দিন বিরোধী দলনেতা মোথাবাড়ির শুধুমাত্র গঙ্গাপ্রসাদ, উত্তর লক্ষ্মীপুর, হামিদপুর এবং মোথাবাড়ি অঞ্চলে যেতে পারবেন।

**********************************

রাজ্য সরকারের সমস্ত দফতরের মামলা সংক্রান্ত আইনি বিষয়ের উপর কেন্দ্রীয়ভাবে নজরদারির জন্য নতুন মন্ত্রী গোষ্ঠী তৈরি করা হয়েছে।

মন্ত্রিসভার বৈঠকে মুখ্য সচিব মনোজ পন্থকে আহ্বায়ক করে ওই বিশেষ মন্ত্রী গোষ্ঠী তৈরি করে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। অরূপ বিশ্বাস, ফিরহাদ হাকিম, ব্রাত্য বসু, মলয় ঘটক, চন্দ্রিমা ভট্টাচার্য ও শশী পাঁজাকে মন্ত্রীগোষ্ঠীর সদস্য করা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।

*********************************

রাজ্য সরকার চারটি দপ্তরে নতুন ৫৩টি শূন্য পদ সৃষ্টির সিদ্ধান্ত নিয়েছে। নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়। খাদ্য সরবরাহ, নগরোন্নয়ন, ক্ষুদ্র, ছোট ও মাঝারি এবং বস্ত্র শিল্প দপ্তরে এই পদগুলি তৈরি করা হবে। এখানে আপাতত চুক্তিভিত্তিক পদ্ধতিতে নিয়োগের কথা ভাবা হয়েছে। অন্যদিকে, পদকজয়ী ক্রীড়াবিদদের সরাসরি পুলিশের বিভিন্ন পদে নিয়োগের জন্যে নিয়োগবিধি সংক্রান্ত আরও একটি প্রস্তাব বৈঠকে গ্রহণ করা হয়েছে।

*********************************

ডায়মণ্ড হারবার কেন্দ্রের লোকসভা নির্বাচনের ফলাফলকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের হওয়া ইলেকশন পিটিশন শুনানির জন্য গ্রহণ করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সুগত মজুমদার গতকাল প্রাথমিক শুনানির পর নির্বাচন কমিশন ও জেলা নির্বাচনী আধিকারিক বা জেলাশাসককে ঐ কেন্দ্রের সমস্ত নির্বাচনী নথি, CCTV ফুটেজ সহ অন্যান্য ডিজিটাল নথি সংরক্ষণের নির্দেশ দিয়েছেন।

৫ই মে এই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, ২০২৪ সালের লোকসভা নির্বাচনে ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে ৭ লক্ষ ১০ হাজার ৯৩০ ভোটের ব্যবধানে জয়ী হন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যার। তারপরই ঐ কেন্দ্রে নির্বাচনে বিপুল কারচুপি ও দুর্নীতির অভিযোগে

কলকাতা হাইকোর্টে ইলেকশন পিটিশন দায়ের করেছিলেন বিজেপি প্রার্থী অভিজিৎ দাস (ববি) ।

*********************************

সুপ্রিম কোর্টের রায়ে যেসব শিক্ষকের চাকরি বাতিল হয়েছে, তাঁরা চাইলে উচ্চ মাধ্যমিক পরীক্ষার খাতা দেখতে পারবেন। তবে তাঁরা যদি খাতা দেখতে না চান তবে তা অন্য শিক্ষকদের দেওয়া হবে বলে সিদ্ধান্ত নিয়েছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

উল্লেখ্য, যাঁদের চাকরি বাতিল হয়েছে, তাঁদের মধ্যে ১১ হাজার ৬১০ জন নবম ও দশম এবং ৫ হাজার ৫৯৬ জন একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পড়াতেন। এরা অনেকেই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের খাতাও দেখছেন।

উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ সূত্রে জানা গেছে, চারটি জোনে খাতা দেখা এখন অনেকটাই শেষের পথে। সুপ্রিম কোর্টের রায়ের পর চাকরি বাতিল হওয়া শিক্ষক-শিক্ষিকারা খাতা দেখতে পারবেন কিনা তা নিয়ে প্রশ্ন ওঠায় এই মত প্রকাশ করেছে সংসদ।

*********************************

মহাবীর জয়ন্তী উপলক্ষে আগামীকাল (১০ এপ্রিল), মেট্রো রেল গ্রিন লাইনে ২৬২ টির পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ২৩৬ টি ট্রেন পরিষেবা দেবে।

গ্রীন লাইন-ওয়ানে উভয় দিকে মোট ৯০ টি পরিষেবা দেবে ২০ মিনিট অন্তর।

তবে, গ্রীন লাইন-টু, পার্পেল লাইন এবং অরেঞ্জ লাইনে পরিষেবা ওই দিন স্বাভাবিক থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

*************************************************************************